

২৪তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট

ররি আই. ল্যান্সম্যান (Rory I. Lancman) (D, WF)

হাই, আমি Rory Lancman, সিটি কাউন্সিলে আমার প্রতিবেশি এলাকার প্রতিনিধিত্ব করার লক্ষ্যে আমি একজন ডেমোক্রেটিক প্রার্থী। আমার জন্ম ও বেড়ে ওঠা কুইন্সে ২৪তম কাউন্সিল ডিস্ট্রিক্টের ঠিক এখানেই আমি বড় হয়েছি, কিউ গার্ডেন্স হীলের একটি স্থিতিশীল ভাড়া ভিত্তিক এ্যাপার্টমেন্টে আমার মায়ের সাথে। আমি আমাদের স্থানীয় স্কুলে পড়াশোনা করেছি এবং কুইন্স কলেজ ও কলাম্বিয়া ল স্কুল হতে গ্রাজুমেট হয়েছি। বর্তমানে স্ত্রী মর্গান এবং তিন সন্তান নিয়ে আমি হীলক্রেষ্টে বাস করি। আমার কমিউনিটিতে সেবা দিতে পেরে আমি নিজেকে সম্মানিত বোধ করি যেমন: একজন সমাজপতি, স্বাস্থ্যসেবার প্রবক্তা, কমিউনিটি বোর্ড মেম্বার এবং আমাদের স্টেটে আইনপ্রণিতার একজন প্রতিনিধিত্বে। কুইন্স হাসপাতাল সেন্টার বিক্রয় রোধে আমি সহায়তা প্রদান করেছি। যৌন অপরাধী ও সন্ত্রাসীদের কবল হতে আমাদেরকে সুবক্ষিত রাখতে আলবেনীতে গুরুত্বপূর্ণ আইন প্রণয়ন করেছি। আমাদের সব স্কুলের আর্থিক অনুদানে বিলিয়নের পর বিলিয়ন ডলার প্রদানে সহায়তা করেছি। এখানে, নিউইয়র্কে আমেরিকান স্বপ্ন বাঁচিয়ে রাখতে আমরা এক বিরাট চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছি। একটা বসতবাড়ী মালিক হতে বা একটা এ্যাপার্টমেন্ট ভাড়া নিতে দাম বেড়েই চলেছে যেমন হয়েছে যোগাযোগ ব্যবস্থায়, জ্বালানিতে - এমনটি খাদ্যদ্রব্যেরও। এবং প্রতিটি স্তরে শিক্ষা অধিক থেকে অধিকতর মাত্রায় সাধ্যাতীত হয়ে উঠেছে। মনে হচ্ছে এ সবেই সমষ্টি মধ্যবিত্ত নিউইয়র্কারদের উপরে বোঝাস্বরূপ অর্জিত হয়েছে, যেখানে যাচ্ছি একই চিত্র দেখতে পাচ্ছি এবং সচরাচর সিটি পলিসিগুলো এসব উন্নততর করার পরিবর্তে সমস্যাকে আরও জটিল করে তুলছে। একজন সিটি কাউন্সিলম্যান হিসাবে মধ্যবিত্তদের জন্য আমি একটা আওয়াজ হয়ে উঠবো যে, প্রত্যেকে সফলতার জন্য সুযোগ পায় তা নিশ্চিত করব। আগামী বছর নিউ ইয়র্ক সিটি সরকার প্রায় বদলে যাবে। একজন নতুন মেয়র, কন্ডোম্পলার, পাবলিক এডভোকেট এবং কুইন্স বেরো প্রেসিডেন্ট-এবং মোটামুটি অর্ধেকের মতো সিটি কাউন্সিলর নতুন করে গঠিত হবে। বিগত সময়ের তুলনায় আমাদের প্রয়োজন অভিজ্ঞ, পরীক্ষিত নেতৃত্বের যারা আমাদের কমিউনিটির স্বার্থে সংগ্রাম করবে। ছয় বছর স্টেট এ্যাসেম্বলীতে - ষোল বছর আমার স্থানীয় কমিউনিটি বোর্ডে - গুরুত্বপূর্ণ আইন প্রণয়ন করা এবং সংশ্লিষ্টদের মধ্যে বিতরণ করে আমি এই মর্মে স্বীকৃত বিশ্বাসী হয়ে উঠেছি যে আমি এই সব চ্যালেঞ্জ মোকাবেলা করবো পারবো। নির্বাচনের দিন আপনাদের সমর্থন চাচ্ছি।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*